গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
আইসিটি সেল

সুরক্ষা সেবা বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের কনটেন্ট/ ওয়েবসাইট ও নেটওয়ার্ক অবকাঠামো IPV6 ও Dual Stack পদ্ধতিতে (IPV4 এর সাথে IPV6 ) আপগ্রেডেশন সংক্রান্ত গঠিত কমিটির ১ম সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | ইসরাত চৌধুরী<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ২৫-১০-২০২২ |
| সভার সময় | সকাল ১০:০০ ঘটিকা |
| স্থান | Zoom Online Platform |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (আইসিটি সেল)-কে নির্দেশনা প্রদান করেন। অতঃপর সদস্য সচিব নিম্নরূপে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন:

**১.০ আলোচ্য বিষয়:** সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমুহের সকল কনটেন্ট/ওয়েবসাইট IPv6/Dual Stack এ আপগ্রেড করা।

**১.১ আলোচনা:** সুরক্ষা সেবা বিভাগের সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার সভায় সংযুক্ত সদস্যবৃন্দের সদয় অবগতির জন্য উল্লেখ করেন যে সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সকল কনটেন্ট/ওয়েবসাইট IPV4 হতে IPv6/Dual Stack এ আপগ্রেড করার বিষয়ে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন হতে তিনটি পত্র পাওয়া গিয়েছে এবং এর আলোকে এ বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়। সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের ওয়েবসাইট/তথ্য বাতায়ন এসপ্যায়ার টু ইনোভেট (এটুআই) কর্তৃক রক্ষণাবেক্ষণ করা হওয়ায় এটুআই সহ সংশ্লিষ্ট কার্যক্রমে সম্পৃক্ত বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি), বাংলাদেশ টেলিযোগাযোগ কোম্পানী লিমিটেড (বিটিসিএল) কে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য পত্র প্রদান করা হয়। এ বিষয়ে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের প্রতিনিধি সভাকে জানান যে সকল কনটেন্ট/ওয়েবসাইট IPV4 হতে IPv6/Dual Stack এ আপগ্রেড করার বিষয়ে এটুআই ও বিসিসিকে অবহিত করা হয়েছে। এছাড়া অন্যান্য কোনো সংস্থার নিজস্ব তত্ত্বাবধানে পরিচালিত ওয়েবসাইটগুলাকে IPV4 হতে IPv6/Dual Stack এ আপগ্রেড করার জন্য তিনি অনুরোধ জানিয়েছেন। এটুআই এর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে এই আপগ্রেডেশনের বিষয়ে এটুআই, বিসিসি, বিটিসিএল এবং ন্যাশনাল ডাটা সেন্টারসহ সংশ্লিষ্ট সংস্থাগুলোকে একযোগে কাজ করতে হবে। বিসিসির প্রতিনিধি বলেন, ন্যাশনাল ডাটা সেন্টার IPV6 এ আপগ্রেডেশন উপযোগী করা হয়েছে এবং এটুআই থেকে অ্যাপ্লিকেশনগুলো IPV4 হতে IPv6/Dual Stack এ আপগ্রেডেশন সম্পন্ন করলে সে অনুযায়ী বিসিসি কর্তৃক সেগুলো আপগ্রেড করা সম্ভব হবে।

**১.২ সিদ্ধান্ত:**

(ক) বিসিসি, এটুআই ও বিটিসিএল সমন্বয়পূর্বক ন্যাশনাল ডাটা সেন্টারে সংরক্ষিত সকল কনটেন্ট/ ওয়েবসাইট IPV4

হতে IPv6/Dual Stack এ আপগ্রেড করবে;
(খ) সংস্থার নিজস্ব তত্ত্বাবধানে পরিচালিত ওয়েবসাইটগুলোকে নিজ দায়িত্বে IPV4 হতে IPv6/Dual Stack এ আপগ্রেড করতে হবে।

**২.০ আলোচ্য বিষয়:** সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমুহের নেটওয়ার্ক IPv6/Dual Stack এ আপগ্রেডেশনের বিদ্যমান সক্ষমতা ও করণীয়।

**২.১ আলোচনা:** সুরক্ষা সেবা বিভাগের সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার এ বিভাগের ল্যান নেটওয়ার্ক ও ইন্টারনেটের সাথে সংযুক্ত ডিভাইস সম্পর্কে বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করেন। সুরক্ষা সেবা বিভাগের প্রোগ্রামার নেটওয়ার্ক অবকাঠামো IPV4 হতে IPv6/Dual Stack এ আপগ্রেডেশনের গুরুত্ব তুলে ধরেন। এ বিষয়ে বিটিআরসির প্রতিনিধি নেটওয়ার্কে IPV6 আপগ্রেডেশনের গুরুত্ব উল্লেখ করে সভাকে অবহিত করেন যে ইতোমধ্যে মোবাইল অপারেটর, ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার (আইএসপি) ও নেশনওয়াইড টেলিকমিউনিকেশন ট্রান্সমিশন নেটওয়ার্ক (এনটিটিএন) এ বিষয়ে প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে এবং জেলা ও উপজেলা পর্যায়ের আইএসপি গুলো প্রস্তুতি নিচ্ছে। নেটওয়ার্ক আপগ্রেডেশনের প্রস্তুতি ও আর্থিক বিষয়ে সভাপতির এক প্রশ্নের উত্তরে বিটিআরসির প্রতিনিধি এ বিষয়ে আইএসপি ও বিসিসি হতে নির্দেশনা পাওয়ার কথা উল্লেখ করেন। বিসিসির প্রতিনিধি বলেন, আইটি অডিট করে তারা এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা দিতে পারবে এবং তিনি এ বিষয়ে আর্থিক সংশ্লিষ্টতার কথাও উল্লেখ করেন। এছাড়া তিনি এ বিষয়ে সংশ্লিষ্টদের প্রশিক্ষণের উপর গুরুত্বারোপ করেন। IPV6 উপযোগী আইপি সংগ্রহ করার বিষয়ে বিটিসিএল এর প্রতিনিধি সভাকে জানান যে তাদের IPV6 এর আইপি প্রদানের পূর্ণ প্রস্তুতি রয়েছে এবং আইএসপি অথবা Asia Pacific Network Information Center (APNIC) থেকে আইপি নেওয়ার ক্ষেত্রে আর্থিক সংশ্লিষ্টতা রয়েছে।

**২.২ সিদ্ধান্ত:**
(ক) সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক নভেম্বর, ২০২২ এর প্রথমার্ধে বিসিসিকে সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের নেটওয়ার্ক অবকাঠামোতে আইটি অডিট করার জন্য চিঠি প্রদান করতে হবে;
(খ) নভেম্বর, ২০২২ এর মধ্যে বিসিসি কর্তৃক আইটি অডিট রিপোর্ট সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমুহ কর্তৃক সংগ্রহ এবং রিপোর্ট অনুযায়ী এ সম্পর্কিত ডিভাইস/সার্ভিস ক্রয়/সংগ্রহ করার উদ্যোগ গ্রহণ করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ইসরাত চৌধুরী
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৩১.০০১.২১.১৯৮

তারিখ: ২৩ কার্তিক ১৪২৯
০৮ নভেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) অনুবিভাগ প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ
২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ
৩) যুগ্মসচিব, প্রশাসন-৩ শাখা, সুরক্ষা সেবা বিভাগ

৪) যুগ্মসচিব, প্রশাসন-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ

৫) ম্যানেজার (সিকিউরিটি অপারেশন), সিকিউরিটি অপারেশন ও ডিজিটাল ফরেনসিক সেন্টার , বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

৬) ন্যাশনাল পোর্টাল ইম্পলিমেন্টেশান স্পেশালিস্ট, ডিজিটাল সার্ভিস-১, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম

৭) সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-২ শাখা, সুরক্ষা সেবা বিভাগ

৮) সিনিয়র সহকারী পরিচালক, ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশন্স বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

৯) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ

১০) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

১১) জনাব মো: মশিউর রহমান, সহকারী ব্যবস্থাপক (কারিগরী), বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড, মগবাজার, ঢাকা

১২) সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ (সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

মোঃ আব্দুস সামাদ
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার